

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬. ০৪৬.০২৭.০০.০০.০৫৬. ২০১৭-১২০৫

তারিখ : ১৯ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
০৪ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ আবু তালেব সরকার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশবাড়ী, গাইবান্ধা এর বিরুদ্ধে সেশন মামলা নম্বর ৬৩৫/১৬ জিআর নম্বর ১১/১৫ (পলাশবাড়ী থানার মামলা নম্বর ১১, তারিখ ১০ জানুয়ারি ২০১৫), ধারা ২০০৯ সালের সন্ত্রাস বিরোধী আইন (সংশোধনী/১৩) এর ৬(২) অনুচ্ছেদ (ই)(ঈ)(উ)/১০/১২ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহিত হয়েছে;

যেহেতু, জনাব মোঃ আবু তালেব সরকার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশবাড়ী, গাইবান্ধা এর বিরুদ্ধে অন্যান্য আসামীসহ গত ১০ জানুয়ারি ২০১৫ তারিখে সকাল ৯.৩০ হতে বেলা ১২.০০ পর্যন্ত গাইবান্ধা জেলার জুনদহ এলাকায় রংপুর-ঢাকা মহাসড়কে ককটেল বিস্ফোরণ ঘটিয়ে, পেট্রোল বোমা ও ইট পাটকেল নিক্ষেপ করে যানবাহন ভাঙচুর ও জননিরাপত্তা বিঘ্নিত করার উদ্দেশ্যে আতঙ্ক সৃষ্টি করার অভিযোগ রয়েছে। তার বিরুদ্ধে আনীত অভিযোগ গুরুতর প্রকৃতির হওয়ায় তার দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী এবং তিনি স্বপদে বহাল থাকলে উক্ত মামলার পরিচালনায় প্রভাব বিস্তার করতে পারে মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩খ(১) অনুসারে গাইবান্ধা জেলার পলাশবাড়ী উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আবু তালেব সরকারকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

J. M. in
০৪/১০/২০১৭
(ড. জুলিয়া মর্সন)
উপসচিব

ফোন: ৯৫৬২২৪৭

নং-৪৬. ০৪৬.০২৭.০০.০০.০৫৬. ২০১৭-১২০৫

তারিখ : ১৯ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
০৪ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৩। সচিব,.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৪। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৫। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক, গাইবান্ধা।
- ৮। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৯। উপপরিচালক, স্থানীয় সরকার, গাইবান্ধা।
- ১০। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০(ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধসহ)।
- ১১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশবাড়ী, গাইবান্ধা।
- ১২। উপজেলা নির্বাহী অফিসার, পলাশবাড়ী, গাইবান্ধা।
- ১৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশবাড়ী, গাইবান্ধা।
- ১৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গাইবান্ধা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, পলাশবাড়ী, গাইবান্ধা।
- ১৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৬। জনাব মোঃ আবু তালেব সরকার, ভাইস চেয়ারম্যান (সাময়িকভাবে বরখাস্তকৃত), উপজেলা পরিষদ, পলাশবাড়ী, গাইবান্ধা।

J. M. in
০৪/১০/২০১৭
(ড. জুলিয়া মর্সন)
উপসচিব